তারিখ ... 21 SEP 2016 ...
পৃষ্ঠা ... কলাম ...

সংবাদ

# বগুড়ার শিক্ষাপ্রতিষ্ঠানে জঙ্গিবিরোধী পাঠদান

**বগুড়া অফিস**

শিক্ষাপ্রতিষ্ঠানে জঙ্গিবিরোধী বিশেষ পাঠদানের তাগিদ দিয়ে বক্তারা বলেছেন, জঙ্গি গোষ্ঠিরা কোমলমতি শিক্ষার্থীদের প্রলোভন দিয়ে বিপথে পরিচালিত করার কাজে লিপ্ত রয়েছে। তাই তাদের সচেতন করার পরামর্শ দেওয়া হয়েছে। গত সোমবার বগুড়া জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ করতোয়ায় সন্ত্রাস, নাশকতা ও জঙ্গিবাদবিরোধী আলোচনা সভায় বক্তাগণ এ তাগিদ দেন। জেলা তথ্য অফিসের উদ্যোগে সন্ত্রাস, নাশকতা ও জঙ্গিবাদবিরোধী আলোচনা সভায় সভাপতিত্ব করেন বগুড়ার অতিরিক্ত জেলা প্রশাসক সুফিয়া নাজিম। জেলা তথ্য কর্মকর্তা মজিবর রহমানের সঞ্চালনায় আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন বগুড়ার জেলা প্রশাসক আশরাফ উদ্দিন। বিশেষ অতিথি ছিলেন বগুড়ার পুলিশ সুপার মো. আসাদুজ্জামান, বগুড়ার সিভিল সার্জন ডা. অর্ধেন্দু দেব, জেলা আওয়ামী লীগের সভাপতি আলহাজ মমতাজ উদ্দিন, জেলা পরিষদের প্রশাসক ডাঃ মকবুল হোসেন, বগুড়া প্রেসক্লাবের সভাপতি যাহেদুর রহমান যাদু প্রমুখ। সভায় বক্তাগণ বলেন, আগে মনে করা হতো শুধু মাদ্রাসার ছাত্র ও শিক্ষকরা জঙ্গিবাদের সঙ্গে জড়িত। কিন্তু এখন ঘটে যাওয়া কয়েকটি ঘটনায় দেশের মানুষদের স্তম্ভিত করে দিয়েছে।